৮৬

দৈনিক সংবাদ

তারিখ APR. 1-3-1999
পৃষ্ঠা ২ কলাম ৫

# চট্টগ্রামে ছাত্রলীগের দুই গ্রুপের অবরোধ তিন ঘন্টা যানজট

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ** চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতারের দাবিতে ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দু' গ্রুপের সড়ক অবরোধ ও বিক্ষোভ কর্মসূচির কারণে গতকাল সকালে নগরীর বিভিন্ন স্থানে প্রায় তিন ঘন্টাব্যাপী যানজটের সৃষ্টি হয়।

দু'একটি স্থানে অবরোধ তুলে নেয়ার জন্য ছাত্রলীগ কর্মীদের উপর পুলিশকে মৃদু লাঠিচার্জও করতে হয়। বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীদের সড়ক অবরোধ কর্মসূচি পালনকালে বিভিন্ন সড়কে যানবাহন চলাচল বন্ধ থাকে। ছাত্রলীগের এক গ্রুপ সকাল ১১টা থেকে বেলা ১২টা পর্যন্ত নগরীর ৬ থানার ৬টি স্পটে সড়ক অবরোধ করে। একই সময়ে ছাত্রলীগের অপর গ্রুপ বিক্ষোভ সমাবেশের কর্মসূচি পালন করে। ফলে বিভিন্ন সড়কে ভয়ানক যানজটের সৃষ্টি হয়। ছাত্রলীগের একাংশ আন্দরকিল্লা, নিউমার্কেট মোড়, বিশ্ববিদ্যালয়, ১ নম্বর

যানজট ঃ পৃঃ ১১ কঃ ২

## যানজট ঃ তিন ঘন্টা

(১ম পৃষ্ঠার পর)

গেট, দেওয়ানহাট, নাসিরাবাদ, প্রবর্তক মোড়, বহদ্দারহাট ও ষোলশহরে সড়ক অবরোধ করলে এসব সড়কে সকাল ১১টা থেকে বেলা দুটা পর্যন্ত যানবাহন চলাচল বন্ধ থাকে। দেওয়ানহাট ও ষোলশহর এলাকায় পরিস্থিতি সামাল দেয়ার জন্য পুলিশকে লাঠিচার্জ করতে হয়। উল্লেখ্য, ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দু'গ্রুপের পাল্টাপাল্টি কর্মসূচি যেকোন মুহূর্তে বড় ধরনের সংঘর্ষে রূপ নিতে পারে বলে জানা গেছে।